

## বিজ্ঞপ্তি

### Sourcing Bangladesh-2021, Virtual Edition শীর্ষক মেলায় অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান

রপ্তানি উন্নয়ন ব্যুরো প্রথমবারের মতো আগামী ১৫-২১ অক্টোবর ২০২১ Sourcing Bangladesh-2021, Virtual Edition শিরোনামে ভার্সুয়াল প্ল্যাটফর্মে সোর্সিং মেলা আয়োজন করতে যাচ্ছে। এসএমই ফাউন্ডেশন উক্ত মেলায় অংশগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। রপ্তানি উন্নয়ন ব্যুরো হতে জানা যায় যে ভার্সুয়াল প্ল্যাটফর্মে সোর্সিং শো আয়োজনের মূল উদ্দেশ্য হলো লাইভ চ্যাট এবং ভিডিও কনফারেন্সের মাধ্যমে সম্ভাব্য বিদেশী ক্রেতাদের সাথে যোগাযোগ স্থাপন করে স্থানীয় রপ্তানিকারকদের জন্য নতুন ক্রেতা অনুসন্ধান করা। উক্ত ভার্সুয়াল প্রদর্শনীতে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলো ভার্সুয়াল প্ল্যাটফর্মে তাদের উৎপাদিত পণ্য, অডিও-ভিজুয়াল ও ডিজিটাল ব্রোসিওর প্রদর্শন করার পাশাপাশি ভার্সুয়াল B2B মিটিং এবং ওয়েবিনারে অংশগ্রহণের সুযোগ পাবে।

৩। মেলাটি বাংলাদেশের প্রধান প্রধান রপ্তানি খাতগুলোকে কেন্দ্র করে আয়োজিত হবে। খাতগুলো হলো: তৈরি পোশাক, চামড়া ও চামড়াজাত পণ্য, পাট ও পাটজাত পণ্য, গৃহসজ্জা ও হোমটেক্সটাইল, ফার্মাসিউটিক্যালস, কৃষি ও কৃষি প্রক্রিয়াজাত পণ্য, প্লাস্টিক পণ্য, হালকা প্রকৌশল পণ্য, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স পণ্য, তথ্য প্রযুক্তি, ফার্নিচার, সিরামিক, হস্তশিল্প এবং পর্যটন।

৪। ইপিবি কর্তৃক মেলায় অংশগ্রহণের ফি ৮৫,০০০/- (পঁচাশি হাজার) টাকা (১৫% ভ্যাট ব্যতীত) নির্ধারণ করা হয়েছে। এসএমই ফাউন্ডেশন উক্ত মেলায় একটি/দুইটি স্টলের প্রতিটিতে ৪ জন এসএমই উদ্যোক্তার পণ্য প্রদর্শন করবে। এসএমই ফাউন্ডেশনের স্টলে অংশগ্রহণের জন্য উদ্যোক্তাদের নিকট নিম্নের লিঙ্কে Google Form এর মাধ্যমে ৮ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে।

<https://forms.gle/9YpARXECpBBZbNHE8>

৫। অংশগ্রহণের ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা যা 'এসএমই ফাউন্ডেশন-জেনারেল অ্যাকাউন্ট' নামে পেঅর্ডার আকারে ফাউন্ডেশন কার্যালয়ে অথবা ফাউন্ডেশনের বিকাশ মার্চেন্ট নম্বর ০১৭৭৫৯০৮৮০৬ - এ আগামী ৮ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে। স্টলের অবশিষ্ট ফি এসএমই ফাউন্ডেশন বহন করবে। ফাউন্ডেশন কর্তৃক মেলায় অংশগ্রহণের জন্য নির্বাচিত উদ্যোক্তাদের সাথে পরবর্তীতে যোগাযোগ করা হবে। যেসকল উদ্যোক্তার অনুকূলে এ মেলার স্টল বরাদ্দ করা সম্ভব হবে না তাদের স্টলের ফি ফেরত প্রদান করা হবে।

৬। এ বিষয়ে আরও তথ্যের প্রয়োজন হলে ০১৭২৪১৬৬৭২৭ ও ০১৭৩১৫৯৫২০৬ নম্বরে সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করা যেতে পারে।

বিজ্ঞপ্তিটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

*Fahim - bin - Asmat*

ফাহিম-বিন-আসমাত  
সহকারী মহাব্যবস্থাপক